

## 💵 শুতাবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-২৪. ইতিকাফ

ই'তিকাফ সম্পর্কে আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন

وَعَهِدْنَا إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ أَن طَهِّرَا بَيْتِيَ لِلطَّائِفِينَ وَالْعَاكِفِينَ وَالرُّكَّعِ السُّجُودِ

'আমি ইবরাহীম ও ইসমাঈলকে আদেশ করলাম, তোমরা আমার ঘরকে তাওয়াফকারী, ই'তিকাফকারী ও রুকু সিজদাকারীদের জন্য পবিত্র রাখ।[১]

সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে আয়িশা (রাঃ) থেকে রাসূলুল্লাহ্ (সা.) সম্পর্কে বর্ণিত হয়েছে,

كَانَ يَعْتَكِفُ الْعَشْرَ الْأَوَاخِرَ مِنْ رَمَضَانَ حَتَّى تَوَفَّاهُ اللَّهُ ثُمَّ اعْتَكَفَ أَرْوَاجُهُ مِنْ بَعْدِهِ

রাসূলুল্লাহ (সা.) আমৃত্যু রমযানের শেষ দশকে ই'তিকাফ করেছেন। রাসূল (সা.)-এর ইন্তিকালের পর তাঁর স্ত্রীগণও রমযানের শেষ দশকে ইতিকাফ করতেন।"[২]

## ফুটনোট

- [১]. সূরা আল বাকারা, আয়াত :১২৫।
- [২]. সহীহ্ আল বুখারী, সহীহ মুসলিম, ই'তিকাফ অধ্যায়, রমযানের শেষ দশকে ই'তিকাফ' শিরোনাম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12322

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন